

💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ১২৪

প্রতিবেশীর সাথে সদাচার

পরিচ্ছেদঃ ৬৮- প্রতিবেশীর অভিযোগ ।

بَابُ شِكَايَةِ الْجَار

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حَكِيمٍ الأَوْدِيُّ، قَالَ: حَدَّثَنَا شَرِيكٌ، عَنْ أَبِي عُمَرَ، عَنْ أَبِي جُحَيْفَةَ قَالَ: شَكَا رَجُلُ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم جَارَهُ، فَقَالَ: احْمِلْ مَتَاعَكَ فَضَعْهُ عَلَى الطَّرِيقِ، فَمَنْ مَرَّ بِهِ يَلْعَنُهُ، فَجَعَلَ كُلُّ مَنْ مَرَّ بِهِ يَلْعَنُهُ، فَجَاءَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ: مَا لَقِيتُ مِنَ النَّاسِ؟ فَقَالَ: إِنَّ لَعْنَةَ اللهِ فَوْقَ لَعْنَتِهِمْ، ثُمَّ قَالَ لِلَّذِي شَكَا: كُفِيتَ أَوْ نَحْوَهُ.

বাংলা

১২৪। আবু জুহাইফা (রাঃ) বলেন, এক ব্যক্তি তার প্রতিবেশীর বিরুদ্ধে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট অভিযোগ করলো। তিনি বলেনঃ তুমি তোমার মালপত্র তুলে রাস্তায় রেখে দাও। যে লোকই সেই পথ দিয়ে যাবে সে-ই তাকে অভিশাপ দিবে। অতএব যে লোকই সেই পথে গেলো সে-ই তাকে অভিশাপ দিলো। তখন সেই ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসলে তিনি বলেনঃ লোকদের নিকট থেকে তুমি কি পেলে? তিনি আরো বলেনঃ লোকজনের অভিসম্পাতের সাথে রয়েছে আল্লাহর অভিশাপ। অতঃপর তিনি অভিযোগকারীকে বলেনঃ তোমার জন্য যথেষ্ট হয়েছে (তাবারানী, হাকিম)।

English

Abu Juhayfa said, "A man complained to the Prophet, may Allah bless him and grant him peace, about his neighbour. The Prophet said, 'Take your bags and put them in the road and whoever passes them will curse him.' Everyone who passed him began to curse that neighbour. Then he went to the Prophet, may Allah bless him and grant him peace, and said, 'How many people I met!' He said, 'The curse of Allah is on top of their curse!' Then he told the one who had complained, 'You have enough,' or words to that effect."



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন